দৈনিক ইত্তেফাক

তারিখ 04 MAY 1994
পৃষ্ঠা ১ কলাম ২

54

# পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইতেছে

প্রেসনোট

গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস নোটে বলা হয়, দেশের সর্বত্র গত সোমবার এবং গতকাল এসএসসি

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রেস নোট

( ১ম পৃঃ পর )

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইয়াছে। প্রেসনোটে বলা হয়, গতকাল কয়েকটি দৈনিক পত্রিকায় একটি শিক্ষক সংগঠনের উদ্ধৃতি দিয়া প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় জানাইতেছে যে, সংবাদটি সঠিক তথ্যভিত্তিক নয় এবং সম্পূর্ণ বিভ্রান্তিকর। এসএসসি পরীক্ষার নামে প্রহসন সৃষ্টির প্রশ্নই উঠে না। দেশের ৬৪৪টি কেন্দ্রে শিক্ষকেরাই এ পরীক্ষা নিতেছেন এবং অধিকাংশ কেন্দ্রেই মাধ্যমিক শিক্ষকেরা পরীক্ষা পরিচালনা করিতেছেন। উদাহরণস্বরূপ বৃহত্তর ঢাকা মহানগরীর ৯৪টি কেন্দ্রের মধ্যে ৯১টি কেন্দ্রেই মূল কেন্দ্র সচিব ও পরিদর্শকরাই পরীক্ষা পরিচালনা করিতেছেন এবং বাকী তিনটি কেন্দ্রে বিকল্প ব্যবস্থায় শিক্ষকরাই পরীক্ষা পরিচালনা করিতেছেন। অতএব পিয়ন-চাপরাশি দিয়া পরীক্ষা গ্রহণের অভিযোগ সম্পূণ মিথ্যা। সেই সাথে পরীক্ষা নিয়া শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টির অভিযোগও সম্পূর্ণ ভিত্তিহীন। সরকার আশা করে যে, এব্যাপারে সৃষ্ট বিভ্রান্তির অবসান হইবে। দেশব্যাপী সুষ্ঠু পরিবেশে পরীক্ষা শুরু হওয়ার প্রেক্ষিতে সরকার আরো আশা করে যে সংশ্লিষ্ট সকল শিক্ষক পরীক্ষা পরিচালনায় অংশ নিবেন।